

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

২০২২ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি ফরম পূরণ এবং জমাদানের সময় সীমা বর্ধিতকরণ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি ফরম পূরণ এবং জমাদানের সময় সীমা বর্ধিত করা হয়েছে। আগ্রহী অভিভাবকবৃন্দ আগামী ২০ নভেম্বর ২০২১ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত (soshgcdhaka.eabedon.com) উক্ত লিংকে প্রবেশ করে ফরম পূরণ এবং ২১ নভেম্বর ২০২১ তারিখ দুপুর ১:০০ টার মধ্যে (শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিন ব্যতীত) কলেজ অফিসে এসে জমা দেয়ার সুযোগ পাবেন।



অধ্যক্ষ

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

ঢাকা, ১৪ নভেম্বর, ২০২১

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

২০২২ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকায় ২০২২ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ৫২ (বায়ান্ন) টি আসনে লটারীর মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। উক্ত লটারী ২ (দুই) স্তরে অনুষ্ঠিত হবে : (১) প্রাথমিক লটারী এবং (২) চূড়ান্ত লটারী

ভর্তির পুরো প্রক্রিয়াটি স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হবে। ২০২২ শিক্ষাবর্ষ থেকে ভর্তির আবেদন প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

০১। প্রাথমিক লটারী :

আবেদনপত্র প্রতিষ্ঠানে জমা দেয়ার পর নির্ধারিত তারিখ ও সময়সূচী অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে অভিভাবকদের উপস্থিতিতে/ফেইসবুক লাইভে প্রাথমিক লটারী অনুষ্ঠিত হবে।

০২। চূড়ান্ত লটারী :

প্রাথমিক লটারীর মাধ্যমে নির্বাচিত শিশুদের অভিভাবকসহ সাক্ষাৎকার এর জন্য নির্ধারিত তারিখে উপস্থিত থাকতে হবে। উক্ত সাক্ষাৎকারের পর নির্বাচিত শিশুদের অভিভাবকদের উপস্থিতিতে চূড়ান্ত লটারী অনুষ্ঠিত হবে।

শুধুমাত্র চূড়ান্ত লটারীর মাধ্যমে নির্বাচিত শিশুরাই ১ম শ্রেণিতে ভর্তির জন্য বিবেচিত হবে।

আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য :

০৩। ভর্তিচ্ছু শিশুর বয়স

: ৬ + বৎসর (শিশুর জন্ম ২০১৫ সালের ০১ জানুয়ারি থেকে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর - এর মধ্যে হতে হবে)

০৪। ক) নিম্নলিখিত কোটা অনুযায়ী আসন নির্ধারণ করা হবে।

i) ক্যাচমেন্ট এলাকা	৫০%	আসন সংখ্যা -	২৬ টি
ii) মুক্তিযোদ্ধা পোষ্য	৫%	আসন সংখ্যা -	৩ টি
iii) শিক্ষা মন্ত্রণালয়	২%	আসন সংখ্যা -	১ টি
iv) লিল্লাহ বোর্ডিং	১%	আসন সংখ্যা -	১ টি
v) সাধারণ (কোটার বাইরে)	৩০%	আসন সংখ্যা -	১৬ টি
vi) গরিব পরিবার	১২%	আসন সংখ্যা -	৫ টি
মোট আসন সংখ্যা			৫২ টি

খ) আবেদন পত্রে ক্যাচমেন্ট এরিয়ার (৪নং ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন) কোটার জন্য **CQ**, মুক্তিযোদ্ধা কোটার জন্য **FQ**, শিক্ষা মন্ত্রণালয়ের কোটার জন্য **EQ**, লিল্লাহ বোর্ডিং এর কোটার জন্য **LQ**, সাধারণ ছাত্র-ছাত্রীদের (কোটার বাইরে) জন্য **GQ** এবং গরিব পরিবারের কোটার জন্য **PQ** উল্লেখ করতে হবে।

গ) সকল কোটায় আবেদন করার জন্য শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের (অনলাইনে প্রদত্ত) সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সহ স্ব-স্ব/প্রযোজ্য ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্র আবেদন পত্রসহ জমা দিতে হবে :

* **CQ** এর জন্য ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়ন পত্র এবং সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স এর সত্যায়িত কপি অথবা বাড়ির বিদ্যুৎ/পানি/টেলিফোন বিল এর সত্যায়িত কপি

* **FQ** এর জন্য মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত অনলাইন কপিসহ সনদপত্রের সত্যায়িত কপি এবং বাবা ও মায়ের এস. এস. সি সনদের সত্যায়িত কপি

* **EQ** এর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের (অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা বা অন্য কোনো প্রতিষ্ঠান ব্যতীত) কর্মকর্তা/ কর্মচারীগণের সন্তানদের ভর্তির ক্ষেত্রে আবেদন ফরম জমা দেয়ার পূর্বে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে প্রত্যয়ন পত্র



- * LQ এর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদপত্র/প্রত্যয়ন পত্র
- * GQ এর জন্য শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের (অনলাইনে প্রদত্ত) সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি
- * PQ এর জন্য অভিভাবকের আর্থিক অস্থিচ্ছলতার স্বপক্ষে প্রয়োজনীয় সনদপত্র

০৫। একজন শিক্ষার্থী শুধুমাত্র ১টি কোটায় আবেদন করতে পারবে।

০৬। CQ, FQ, EQ, PQ, LQ তে উপযুক্ত শিক্ষার্থী না পাওয়া গেলে উক্ত আসন সমূহে GQ থেকে শিক্ষার্থী নির্বাচন করা হবে।

০৭। অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ : ০৬ নভেম্বর (শনিবার) রাত ১২:০১ মিনিট হতে ১৫ নভেম্বর ২০২১ (সোমবার) রাত ১২:০০ টা পর্যন্ত

আবেদন ফরম পূরণের লিংকঃ (soshgcdhaka.eabedon.com)

০৮। ভর্তির আবেদন ফরম এর মূল্য এবং সফটওয়্যার চার্জ : (২০০/-+১৫/-)= ২১৫/- (দুইশত পনেরো) টাকা।

০৯। অনলাইনে পূরণকৃত আবেদনপত্রটি কোটা সংশ্লিষ্ট কাগজপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

১০। ভর্তির আবেদন ফরম জমা : ০৮ নভেম্বর (সোমবার) হতে ১৬ নভেম্বর (মঙ্গলবার) ২০২১ (শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিন ব্যতীত) (সকাল ৯ টা হতে দুপুর ১টা পর্যন্ত)

১১। প্রাথমিক লটারী, সাক্ষাৎকার এবং চূড়ান্ত লটারীর তারিখ ও সময়সূচী প্রকাশ

: ২৫ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার) দুপুর ১২ ঘটিকা

যে কোনো অসম্পূর্ণ ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। অনিবার্য কারণবশত উক্ত সময়সূচী পরিবর্তন হতে পারে এবং প্রতিষ্ঠানের নীতিমালা সরকার গৃহীত নীতিমালার অনুরূপ না হলে সরকারী সিদ্ধান্তের সাথে সঙ্গতি রেখে নীতিমালা পরিবর্তন করা হবে।

বিশেষ দ্রষ্টব্য : দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীরা বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবে।

কলেজ পরিচালনা পরিষদের ৯১তম সভায় উক্ত ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুমোদিত হয়েছে।



অধ্যক্ষ

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা

ঢাকা, ০১ নভেম্বর, ২০২১